



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নং- মশিবো/বি/১৫/নতুন/ময়মন/১৮৮

তারিখ : ০২/০১/২০২৪ খ্রি.

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের ০৫/১২/২০২৩ খ্রি. তারিখের মঞ্জুরী কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে “ডাঃ মতিউর রহমান ভূঞা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়”-কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ০১/০১/২০২৪ খ্রি. হতে ৩১/১২/২০২৬ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ-৮ম শ্রেণি) পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে স্বীকৃতির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

## শর্তসমূহ :

- এই প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়া কৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- সংরক্ষিত ও সাধারণ তহবিলে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় টাকা ব্যাংকে জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
- পত্র ইস্যুর তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে প্রবিধানমালা ২০০৯ এর ৪৮ প্রবিধি অনুযায়ী নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- বিদ্যালয়ের শিক্ষার মান উন্নত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা গ্রহণ করে শৈশিকক্ষেে পাঠদান করতে হবে।
- বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- সরকারি নীতিমালা অনুযায়ী NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- সরকারি নির্ধারিত কারিকুলাম ব্যতীত অন্য কোন কারিকুলাম বা পাঠ্যক্রম অনুসরণ করা যাবে না।
- পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ০৪(চার) মাস পূর্বে একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করতে হবে।
- বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৩ খ্রি. তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ১৮,০০,০০০/- (আঠার লক্ষ) টাকা যৌথ নামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
- উক্ত মেয়াদের মধ্যে একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এই অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং সেক্ষেত্রে উক্ত বিদ্যালয়ের পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ-

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

প্রাপক : প্রধান শিক্ষক

ডাঃ মতিউর রহমান ভূঞা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

উপজেলা- নান্দাইল, জেলা- ময়মনসিংহ।

স্মারক নং- মশিবো/বি/১৫/নতুন/ময়মন/১৮৮(১২)

তারিখ : ০২/০১/২০২৪ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
- জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ।
- সভাপতি, পরিচালনা কমিটি, ডাঃ মতিউর রহমান ভূঞা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, নান্দাইল, ময়মনসিংহ।
- সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ( বোর্ডের ওয়েবসাইটে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- অফিস কপি।

*Islam*  
02.01.2024

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

*Islam*